

পর্যটন নগরে রাত্রিকালীন ফ্লাইট চালু করলো এয়ার এ্যাস্ট্রা

- A Monitor Desk Report

Date: 29 October, 2024



কক্সবাজার: পর্যটন নগরী কক্সবাজারে রাত্রিকালীন ফ্লাইট চালু করেছে বেসরকারি এয়ারলাইন্স এয়ার এ্যাস্ট্রা।

রবিবার (২৭ অক্টোবর) থেকে কক্সবাজার রুটে ১টি ফ্লাইট বৃদ্ধি করে প্রতিদিন ৫টি ফ্লাইট পরিচালনা করছে এয়ারলাইন্সটি। নতুন এই রাত্রিকালীন ফ্লাইটটি ঢাকা থেকে ছেড়ে যাবে রাত সাড়ে ৭ টায় এবং কক্সবাজার থেকে ঢাকার উদ্দেশ্যে ফিরে আসবে রাত ৯টা ৫ মিনিটে।

সোমবার (২৮ অক্টোবর) এক বিজ্ঞপ্তিতে এয়ার এ্যাস্ট্রা জানিয়েছে, পর্যটকদের চাহিদার পরিপ্রেক্ষিতে সম্প্রতি কক্সবাজার বিমানবন্দরে ফ্লাইট উড্ডয়ন ও অবতরণের সময় বাড়ানোর সিদ্ধান্ত নেয় সিভিল এভিয়েশন কর্তৃপক্ষ। এতদিন সন্ধ্যা ৭টা পর্যন্ত এই বিমানবন্দরে বিমান উড্ডয়ন এবং অবতরণ করলেও রোববার থেকে তা বাড়িয়ে রাত সোয়া ১০টা পর্যন্ত সময়সূচি নির্ধারণ করা হয়েছে। আর সেই সুযোগকে কাজে লাগিয়ে প্রথম দিন থেকেই কক্সবাজারে রাতে ফ্লাইট পরিচালনা শুরু করে এয়ার এ্যাস্ট্রা।

কক্সবাজারের পাশাপাশি ঢাকা থেকে চট্টগ্রাম রুটে ৫টি ও সৈয়দপুর রুটে প্রতিদিন ৩টি ফ্লাইট পরিচালনা করছে এয়ার এ্যাস্ট্রা। যাত্রীরা ফ্লাইট টিকিট এয়ার এ্যাস্ট্রার ওয়েবসাইট, মোবাইল অ্যাপস, সেলস অফিস, অনলাইন ও অফলাইনে ড্রাভেল এজেন্সি থেকে ক্রয় করতে পারবেন।

আয়াটার মেম্বার এয়ারলাইন্স এয়ার এ্যাস্ট্রার বহরে বর্তমানে ৪টি এটিআর ৭২-৬০০ এয়ারক্রাফট রয়েছে, যা ফ্রান্সে নির্মিত সর্বাধুনিক প্রযুক্তির নিরাপদ টার্বোপ্রপ এয়ারক্রাফট।

-B